# ঢাকা বিশ্ববিদ্যালয় [গ-ইউনিট] ২০১৩-২০১৪

## বাংলা

০১. 'প্রস্রবণ' শব্দটির অর্থ কী?
ক. স্রোতস্বিনী খ. নির্ঝর গ. জলপ্রপাত
ঘ. নদী ঙ. তটিনী

| উত্তর | খ | ব্যাখ্যা | প্রদত্ত উত্তর ছাড়াও 'প্রস্রবণ' শব্দের অর্থ হলো– ঝরনা, ঝরছে এমন। শব্দটি 'প্র' উপসর্গজাত। 'ণ' বিধান সূত্রে এই শব্দে ণত্ব বিধি প্রযোজ্য।

০২. কোনটি 'সমুদ্র' শব্দের সমার্থক নয়?
ক. বারিধি খ. অর্ণব গ. জলধি
ঘ. রত্নাকর ঙ. তরঙ্গিণী

| উত্তর | ঙ | ব্যাখ্যা | 'সমুদ্র' শব্দের সমার্থ হলো– পারাবার, জলধি, জলেশ্বর, রত্নগর্ভ, সরিৎপতি ইরাবান, বারিধি অর্ণব ইত্যাদি। প্রদত্ত প্রশ্নোত্তরের 'তরঙ্গিনী' শব্দের অর্থ– 'নদী'। এই নদীর সমার্থক শব্দ হলোঃ নদ, গাঙ, নই, সমুদ্রকান্তা, আপগা, নিম্নগা, পয়স্বিনী ইত্যাদি।

০৩. 'পৃথিবী' শব্দের বিশেষণ কোনটি?
ক. পৃথ্বী খ. পার্থিব গ. ধরিত্রী
ঘ. বসুন্ধরা ঙ. জগৎ

| উত্তর | খ | ব্যাখ্যা | প্রদত্ত উত্তর ছাড়াও 'পৃথিবী' শব্দের বিশেষণ হলো– জাগতিক, ঔর্ব, লোকিক, ঐহিক, ইহলোকিক। পার্থিব (পৃথিবী + ষ্ণ) প্রত্যয় সাধিত শব্দ। পৃথিবীর প্রতিশব্দ হলোঃ ধরা, মহী, জ্যা, ক্ষোণি, ক্ষিতি, দ্বিরা, ইড়া, ইলা, বরা, আদ্যা।

০৪. Horizontal শব্দের পরিভাষা কোনটি?
ক. দিগন্ত খ. অনুভূমিক গ. অনুভূম
ঘ. উল্লম্ব ঙ. দিকচক্রবাল

| উত্তর | খ | ব্যাখ্যা | 'অনুভূমিক' শব্দের অর্থ হলো– দিক চক্রবালের সমান্তরাল। এরকম অনুভূবিন্দু শব্দের অর্থ হলোঃ চাঁদের কক্ষপথের বিন্দুবিশেষ। আর- 'অনুমিতি' শব্দের অর্থ হলোঃ ধারণা, 'অনুমৃতার' অর্থ হলো– সহমরণ। Horaizon অর্থ দিগন্ত।

০৫. 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে কর্তৃপক্ষের নির্দেশে বাড়িতে আশ্রয় গ্রহণকারী মানুষগুলো কতদিনের মাথায় বাড়ি ছাড়ে?
ক. সপ্তম দিন খ. নবম দিন গ. দশম দিন
ঘ. চতুর্থ দিন ঙ. দ্বিতীয় দিন

| উত্তর | গ | ব্যাখ্যা | দেশভাগের সময় কলকাতা থেকে বিতাড়িত কতক মুসলিম ঢাকায় একটি পরিত্যক্ত হিন্দু বাড়িতে আশ্রয় নেয়। এই বাড়িতে তারা বেশিদিন থাকতে পারেনি। সরকারি নির্দেশে বাড়ি ছাড়ার জন্য ১ম ২৪ ঘণ্টা সময়, পরে ৭ দিন থাকার পর কিছুটা স্বস্থির নিশ্বাস পেলেও ১০ম দিনে সদলবলে বাড়ি ছাড়তে হয়।

০৬. 'সেখানে ঐতিহাসিকদের আনাগোনা নাই' 'হৈমন্তী' গল্পের এ বাক্যাংশে কিসের কথা বলা হয়েছে?
ক. হৈমন্তীর হৃদয় খ. হৈমন্তীর বাবার মন গ. অপুর হৃদয়
ঘ. অপুদের সংসার ঙ. কলকাতা

| উত্তর | গ | ব্যাখ্যা | অপু হৈমন্তীকে ভালবাসে। সে তাকে সম্পদ মনে করে কিন্তু অত্যাচারের শিকার হৈমন্তীকে রক্ষায় অপু অসহায়, নির্বাক। প্রত্নতাত্ত্বিক শব্দের ইংরেজি Archeologist, আর সমার্থক শব্দ হলো– পুরাতত্ত্ববিদ।

০৭. 'তরঙ্গ ভঙ্গ' সৈয়দ ওয়ালীউল্লাহর একটি-
ক. গল্পগ্রন্থ খ. উপন্যাস গ. প্রবন্ধগ্রন্থ
ঘ. নাটক ঙ. প্রহসন

| উত্তর | ঘ | ব্যাখ্যা | সৈয়দ ওয়ালীউল্লাহ বিখ্যাত উপন্যাস হলো– লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো। গল্প হলো নয়নচারা, দুইতীর ও অন্যান্য গল্প। নাটক হলো: বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু। নয়াসড়ক সাহিত্য পত্রে 'একটি তুলসী গাছের কাহিনী' প্রথম প্রকাশিত হয়।

০৮. নিচের কোন কবিতাটি ৮ মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত?
ক. বঙ্গভাষা খ. বাংলাদেশ গ. কবর
ঘ. সোনার তরী ঙ. জীবন-বন্দনা

| উত্তর | ঘ | ব্যাখ্যা | 'সোনার তরী' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের নাম কবিতা। চিত্রকল্প যুক্ত এক অনুপম কবিতা 'সোনার তরী' কবিতাটি ৮ মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত। পূর্ণ পর্ব ৮ মাত্রা, অপূর্ণ পর্ব ৫ মাত্রার

০৯. 'অন্তরীপ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. অন্তর + ইপ খ. অন্তর + ঈশ গ. অন্ত + রীপ
ঘ. অন্তঃ + রীপ ঙ. অন্তঃ + ঈপ

| উত্তর | ঙ | ব্যাখ্যা | অ কার পরস্থিত বিসর্গের (ঃ) পরে স্বরবর্ণ থাকলে বিসর্গ স্থানে র হয়। যথাঃ অন্তঃ + ঈপ = অন্তরীপ, অহঃ + অহ = অহরহ, প্রাতঃ + আশ = প্রাতরাশ, পুনঃ + আয় = পুনরায়।

১০. 'আশৈশব আত্মনিন্দা শুনিতেছি।'-এখানে 'আশৈশব' কোন সমাস?
ক. কর্মধারয় খ. বহুব্রীহি গ. অব্যয়ীভাব
ঘ. তৎপুরুষ ঙ. নিত্য সমাস

| উত্তর | গ | ব্যাখ্যা | পূর্বপদের অর্থ প্রধানসহ অব্যয় পদ পূর্বে বসে যে সমাস হয় তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমনঃ শৈশব পর্যন্ত = আশৈশব, মরণ পর্যন্ত = আমরণ, জীবন পর্যন্ত = আজীবন, মূল পর্যন্ত = আমূল ইত্যাদি।

১১. 'যাদের শাসনে হল সুন্দর কুসুমিতা মনোহরা।'-এখানে বিশেষণ কতটি?
ক. ৪টি খ. ৩টি গ. ২টি
ঘ. ১টি ঙ. নেই

| উত্তর | খ | ব্যাখ্যা | যেপদ বিশেষ্য, সর্বনাম, ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ বোঝায় তাকে বিশেষণ পদ বলে। লাল, ভাল, আনন্দিত, উৎকৃষ্ট, গীত, জাতীয়, নেনিতা, জয়ী, শ্রদ্ধেয় হলো বিশেষণ।

১২. কোনটি দেশি শব্দ?
ক. হাত খ. ধর্ম গ. দোকান
ঘ. চোঙ্গা ঙ. বোতল

| উত্তর | ঘ | ব্যাখ্যা | যেসব শব্দ সুপ্রাচীনকাল থেকে এদেশের অনার্য বা সাধারণ মানুষের মুখ থেকে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে, সে গুলোকে দেশি শব্দ বলে। যথা– চোঙ্গা, ডিঙ্গা, মই, কোদাল, ঠ্যাঙা, বোকা, পায়রা, সাং, শিং, কোঁকড়া, কয়লা, ডাব ইত্যাদি।

১৩. 'হাতাহাতি' কোন সমাসভুক্ত?
ক. দ্বন্দ্ব সমাস খ. নিত্য সমাস গ. প্রাদি সমাস
ঘ. কর্মধারয় সমাস ঙ. বহুব্রীহি সমাস

| উত্তর | ঙ | ব্যাখ্যা | প্রদত্ত উত্তরের শব্দটি বহুব্রীহি হলেও শ্রেণিবিন্যাসের ক্ষেত্রে তা ব্যতিহার বহুব্রীহির শব্দ। এ সমাসে পরস্পরের মধ্যে একই রকম কাজ বোঝাতে হয়। যেমনঃ হাতাহাতি, কানাকানি, দেখাদেখি। বহুব্রীহির অন্য নাম অন্যর্থক সমাস।

১৪. 'বঙ্গভাষা' কবিতায় ব্যবহৃত 'তপে' শব্দের অর্থ--
ক. পরিতাপে খ. তাপে গ. তপস্যায়
ঘ. তপোবনে ঙ. তাপহীনে

| উত্তর | গ | ব্যাখ্যা | 'বঙ্গভাষা' কবিতাটি মাইকেল মধুসূদন দত্তের লেখা বাংলা সাহিত্যের প্রথম সেরা সনেট। অক্ষরবৃত্ত ছন্দে রচিত ১৪ মাত্রার ২টি পর্ব (৮ + ৬)। প্রদত্ত উত্তরের উচ্চারিত রূপ হলোঃ তপোশ্‌শা। অর্থ হলো– সাধনা, কৃচ্ছ, পাপক্ষয়।

১৫. শুদ্ধ জোড় চিহ্নিত করঃ
ক. বাত্যা : সংবাদ খ. বিহঙ্গ : ললনা গ. আত্মজা : কুন্তল
ঘ. ললাট : ওদন ঙ. অগ্নি : সর্বভুক

| উত্তর | ঙ | ব্যাখ্যা | প্রদত্ত উত্তরের মত বিকল্প শব্দজোড়সহ অন্যান্য শুদ্ধ জোড় হলোঃ যথা– আত্মজা-তনয়া, সন্দেশ-সংবাদ, বিহঙ্গ-পক্ষী, ললাট-কপাল, নিশা-যামিনী, রবি-সবিতা, উষর-অনুর্বর ইত্যাদি।

১৬. মল্লিকদের বাগানে কোন ফুলগাছ গোলাপি ফুলে আচ্ছন্ন ছিল?
ক. কুরচি গাছ খ. কামিনী গাছ গ. কাঞ্চন গাছ
ঘ. কবরী গাছ ঙ. কনকচাঁপা গাছ

| উত্তর | গ | ব্যাখ্যা | 'কাঞ্চন' শব্দের অর্থ স্বর্ণ, সোনা, পুষ্পবিশেষ বা ... 'হৈমন্তী' গল্পে হৈমন্তী চরম অসহায় অবস্থায় কাঞ্চন গাছে গোলাপী ফুল দেখে সান্ত্বনা পাচ্ছিল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৭. **'কুশীলব' শব্দের অর্থ-**
ক. অভিনয় খ. অভিনয়-জগৎ গ. অভিনীত
ঘ. অভিনয়যোগ্য ঙ. অভিনেতা

**উত্তর | ঙ | ব্যাখ্যা** প্রশ্নের শব্দটি সমাস সাধিত শব্দ। কুশী ও লব = কুশীলব, অর্থ অভিনেতা কিংবা নটনটী। দ্বন্দ্ব সমাসের শব্দ।

১৮. **মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' কবিতাটির পূর্বনাম-**
ক. বঙ্গভাষা খ. কবি-মাতৃভাষা গ. চতুর্দশপদী বঙ্গভাষা
ঘ. কবি বঙ্গভাষা ঙ. বঙ্গ-মাতৃভাষা

**উত্তর | খ | ব্যাখ্যা** মাইকেল মধুসূদন দত্ত ১৮৬০ খ্রিস্টাব্দের সেপ্টেম্বর-অক্টোবরে বসু রাজনারায়ণকে লেখা একটি চিঠিতে জানায় তিনি বাংলা ভাষায় 'কবি মাতৃভাষা' নামে একটি সনেট লিখেছেন। পরবর্তী এই সনেটটি 'বঙ্গভাষা' নামে 'চতুর্দশপদী' কবিতাবলী গ্রন্থে স্থান লাভ করেছে।

**'কমলাকান্তের জবানবন্দি' রচনায় ফরিয়াদি কে?**
ক. লেখক খ. কমলাকান্ত গ. নসীবাবু
ঘ. রাধারানী গোয়ালিনী ঙ. প্রসন্ন গোয়ালিনী

**উত্তর | ঙ | ব্যাখ্যা** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কমলাকান্তের জবানবন্দি' নকশা জাতীয় রম্যব্যঙ্গ রচনা সংকলনের সর্বশেষ সম্পাদিত অংশ বিশেষ হলো 'কমলাকান্তের দপ্তর'। এই গোয়ালিনীর গরু চুরির মামলার স্বাক্ষী আফিংখোর কমলাকান্ত।

**সনেটের 'ষটক'-এর বিভাজনকে কী বলে?**
ক. ত্রিতু খ. ষষ্টক গ. ত্রিক
ঘ. চতুষ্ক ঙ. ত্রয়ী

**উত্তর | ক | ব্যাখ্যা** ত্রিতু, শব্দের উচ্চারণ হলো (ত্রিততো), অর্থ হলো তিনের ভাব বা অবস্থা। ১৪ পঙ্ক্তি চতুর্দশপদীতে ৮ পঙ্ক্তি ও ৬ পঙ্ক্তিতে বিভাজিত। ৮ পঙ্ক্তি অষ্টক, ৬ পঙ্ক্তি ষটক।

**'কোলাব্যাঙ' বাগধারাটির অর্থ-**
ক. ঘরকুনো খ. ঝগড়াটে গ. কৃপণব্যক্তি
ঘ. বাকসর্বস্ব ঙ. জঘন্য

**উত্তর | ঘ | ব্যাখ্যা** প্রদত্ত উত্তরের সঙ্গে মিল রেখে আরও বাগধারা হলো- কথার ফুলঝুরি (বাকপটুতা), কুলোপনা চক্কর (সারহীন আড়ম্বর), ধেড়াই ফেডাই (অহেতুক আস্ফালন), বচনবাগীশ (কথায় পটু) ইত্যাদি।

**মৃত্যুঞ্জয়কে দংশন করেছিল-**
ক. কালকেউটে খ. উদয়নাগ গ. খরিশ গোখরো
ঘ. চন্দ্রবোড়া ঙ. পদ্মগোখরো

**উত্তর | গ | ব্যাখ্যা** প্রদত্ত প্রশ্নোত্তরের খরিশগোখরো খুব বিষাক্ত প্রজাতির সাপ। এর ছোবলে মৃত্যুঞ্জয়ের মৃত্যু হয়।

**তরুলতা যেমন বৃষ্টির সাহায্যপ্রার্থী, মেঘও সেইরূপ তরুর সাহায্য চায়।'- এ বাক্যটি কোন রচনার অন্তর্গত?**
ক. সাহিত্যের খেলা খ. বিলাসী গ. হৈমন্তী
ঘ. অর্ধাঙ্গী ঙ. একুশের গল্প

**উত্তর | ঘ | ব্যাখ্যা** বাঙালি মুসলিম সমাজে নারী জাগরণের পথিকৃৎ রোকেয়া সাখাওয়াত হোসেন। তার 'স্ত্রী জাতির অবনতি' শীর্ষক প্রবন্ধের অংশবিশেষ হলো 'অর্ধাঙ্গী'।

**'যৌবনের গান' প্রবন্ধে নজরুল কিসের সঙ্গে নিজ-স্বভাবের মিল খুঁজে পেয়েছেন?**
ক. সৈনিক খ. দেশপ্রেমিক গ. নদীর স্রোত
ঘ. বিদ্রোহী ঙ. বনের পাখি

**উত্তর | ঙ | ব্যাখ্যা** ১৯৩২ খ্রিস্টাব্দে সিরাজগঞ্জে মুসলিম যুবসমাজের উদ্দেশ্যে যে ভাষণ দিয়েছিলেন তারই পরিমার্জিত রূপ হলো যৌবনের গান। তিনি বলেছেন, বনের পাখির মতো স্বভাব আমার গান করার। আমি যৌবনের গান গাই।

**নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?**
ক. অতি + অন্ত = অত্যন্ত খ. ষট + আনন = ষড়ানন
গ. বি + ছিন্ন = বিচ্ছিন্ন ঘ. বাক + ধারা = বাকধারা
ঙ. বৃহৎ + পতি = বৃহস্পতি

**উত্তর | ঙ | ব্যাখ্যা** কতক সন্ধি কোন নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। প্রদত্ত প্রশ্নোত্তরের সন্ধিবিচ্ছেদ ছাড়াও অন্যান্য নিপাতনে সিদ্ধ সন্ধি হলো- কুল + অটা = কুলটা, গো + অক্ষ = গবাক্ষ, প্র + ঊঢ় = প্রৌঢ়, অন্য + অন্য = অন্যান্য, মার্ত + অণ্ড = মার্তণ্ড, আ + চর্য = আশ্চর্য, দিব + লোক = দ্যুলোক।

## English

**01. The antonym for 'delicious' is:**
A. appetizing B. scrumptious C. dainty
D. displeasing E. toothsome

**Explanation:** Delicious অর্থ তৃপ্তিকর বা লোভনীয়। Appelizing অর্থ রুচিকর, scrumptious অর্থ তৃপ্তিকর, dainty-সুকুমার, displeasing-অতৃপ্তিকর, toothsome-সুস্বাদু, সুতরাং **delicious** এর antonym হিসাবে **Correct answer: D**

**02. Taking the time to eat a good breakfast is a simple way to make the morning ——— and the day ———.**
A. best, easiest B. ease, easy C. better, easier
D. easy, easier E. well, at ease

**Explanation:** যত ..... তত অর্থে the + comparative degree + the + comparative degree হয়। সময় নিয়ে সকালের ভালো নাস্তা খাওয়া সকালটাকে তুলনামূলকভাবে ভালো করার এবং দিনটাকে সহজতর করার সাধারণ অর্থে এখানে comparative form হয়েছে। সুতরাং **Correct answer: D**

**03. He was happy to be ——— friends.**
A. among B. between C. middle of
D. along E. into

**Explanation:** দুইয়ের মধ্যে বুঝাতে between এবং দুই এর বেশি এর মধ্যে বুঝাতে among ব্যবহৃত হয়। সে সকলের বন্ধু হতে পেরে খুশি ছিল বুঝাতে এখানে among ব্যবহৃত হয়েছে। সুতরাং **Correct answer: A**

**04. Let us not ——— your past mistakes.**
A. dwell on B. dwell C. dwell at
D. dwelt E. dwell about

**Explanation:** Dwell on অর্থ কোন নেতিবাচক বিষয় নিয়ে চিন্তা করা। Dwell অর্থ বাস করা। Dwelt হল past ও past participle form, dwell about- এর কোন অর্থ নেই কিন্তু dwell on দিলে বাক্যটির অর্থ দাড়ায়- চল তোমার অতীত ভুলগুলো নিয়ে আলোচনা না করি। সুতরাং **Correct answer: A**

**05. Which one of the following words is spelt incorrectly?**
A. repercussions B. examplification C. sausage
D. cigarettes E. grammatical

**Explanation:** **Correct answer: B** (Exemplification)- যার অর্থ উদাহরণ যোগে ব্যাখ্যাকরণ।

**06. 'A piece of cake' means-**
A. A task that can be accomplished very easily
B. A very mild punishment
C. A result that is still unclear and can go either way
D. A hidden or secret strength
E. A kind, innocent and mild mannered person

**Explanation:** A piece of cake একটি phrasal word যার অর্থ সহজসাধ্য কাজ যা অনায়াসেই করা যায়। প্রদত্ত option গুলোর মধ্যে A একই ধরণের অর্থ দেয়। সুতরাং **Correct answer: A**

**07. Identify one of the underlined words or phrase that must be changed in order for the sentence to be correct.**
He made me sit down, and he says as typing the string of the new rubber apron tightly around my neck, and combed up my hair.
(A: made, B: says, C: tightly / around, D: combed up)

**Explanation:** Sentence টিতে and দ্বারা যুক্ত তিনটি clause রয়েছে যার মধ্যে দুটি clause যেহেতু past indefinite tense এ রয়েছে সেহেতু option B তে past indefinite tense (he said) দিলে বাক্যটির অর্থ পুরোপুরি মিলে যায়। সুতরাং **Correct answer: B**

**08. Despite the lack of evidence, politicians ——— blaming the media for violence.**
A. do not resist B. will not have resisted
C. may not resist D. should not resist E. cannot resist

**Explanation:** বাক্যটির অর্থ হচ্ছে- প্রমাণের অভাব থাকা সত্ত্বেও রাজনীতিবিদরা violence- এর জন্য মিডিয়াকে দোষারোপ করা প্রতিহত করতে পারবে না। সুতরাং **Correct answer: E**

Admission War

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

09. **Choose the correct prepositions: Do you know the solution ——— the economic crisis?**
A. at  B. for  C. on
D. to  E. about

**Explanation:** Sollution এর সাথে সাধারণত to preposition ব্যবহৃত হয়। যেমন-There is no easy solution to this problem. অর্থাৎ **Correct answer: D**

10. **The word off-spring means-**
A. Twins  B. Children  C. Strength
D. Winter  E. Fountain

**Explanation:** Off-spring অর্থ সন্তান/সন্ততি/পশুর শাবক। প্রদত্ত গুলোর মধ্যে Twins- ঘনিষ্টভাবে সম্পর্কিত/ জোড়া,যমজ children- নবজাত মানবশিশু Fountain- ফোয়ারা। সুতরাং **Correct answer: B**

11. **While going to the class ———.**
A. the dog bit me  B. a dog bit me
C. a dog bite me  D. I was bitten by a dog
E. A dog had bitten me.

**Explanation:** বাক্যটিতে ' While going to the class' টি দ্বারা একজন ব্যক্তিকে নির্দেশ করছে,যার ফলে dangling modifier এর নিয়মানুসারে পরের clause এর শুরুতেই সে ব্যক্তিবাচক subject টি দরকার। সে হিসাবে **Correct answer: D**

12. **It is high time we ——— the people conscious about our national interest.**
A. should make  B. made  C. must make
D. will make  E. have to

**Explanation:** It is high time এর পর ব্যক্তিবাচক subject থাকলে পরের verb টি past form হয়। সুতরাং **Correct answer: B**

13. **What is the adjective form of the word *divide*?**
A. divisible  B. dividable  C. dividible
D. divisable  E. devisable

**Explanation:** Divide এর adjective হচ্ছে- divisible, adverb হচ্ছে - divisibly, noun হচ্ছে -division. সুতরাং **Correct answer: A**

14. **What is the synonym for the word 'indifferent'?**
A. similar  B. unhappy  C. apathetic
D. frank  E. not differning

**Explanation:** Indifferent অর্থ উদাসীন। Similar অর্থ একই ধরণের, unhappy অর্থ অসুখী, apathetic-উদাসীন, frank-খোলামেলা, not differming অর্থ বিলম্ব করে না এমন। সুতরাং **Correct answer: C**

15. **What is the noun form of the word 'defer'?**
A. difference  B. deferment  C. deferation
D. defermation  E. deferming

**Explanation:** Defer শব্দটি verb এর অর্থ হচ্ছে- মুলতবি রাখা/ স্থগিত রাখা। সুতরাং **Correct answer: B**

16. **A dolphin ——— a porpoise in that it has a longer nose.**
A. different  B. differs  C. different from
D. differs from  E. differs than

**Explanation:** তুলনা/পার্থক্য বোঝাতে subject এর পর auxiliary verb থাকলে different from হয়, কিন্তু auxiliary verb না থাকলে differs from হয় তবে বিশেষভাবে খেয়াল রাখেতে হবে যে- from এর পরিবতে than ব্যবহার করা যাবে না। সুতরাং **Correct answer: D**

17. **The people of Quebee have been considering ——— themselves from the rest of Canada.**
A. to separate  B. separated  C. separate
D. to be separated  E. separating

**Explanation:** Consider এর পর verb এর সাথে ing যুক্ত করতে হয়। সুতরাং **Correct answer: E**

**Choose the correct sentences (Questions 18–19)**

18. A. He thinks that she has left for Sylhet.
B. He thinks that she leaving for Sylhet.
C. He will thought that she is leaving for Sylhet.
D. He thought that she is left for Sylhet.
E. He is thinking that she leaves for Sylhet

**Explanation:** বাক্যটি দ্বারা বোঝাচ্ছে যে, সে ভাবছে সে সিলেট গেছে অর্থাৎ that এর প্রথম অংশ present continuous এবং পরের অংশ present perfect. কিন্তু continuous এর ক্ষেত্রে think এর সাথে ing যুক্ত হয়না ...
**Correct answer: A**

19. A. Mary has been on a diet for three weeks.
B. Mary has been on a diet since three weeks.
C. Mary had been on a diet since three weeks.
D. Mary was on a diet since three weeks.
E. Mary is on a diet since three weeks.

**Explanation:** Since নির্দিষ্ট সময় বুঝায় আর for সময়ের ব্যাপ্তি (duration) বুঝায়। for+ সময়ের ব্যাপ্তি (three weeks) হিসাবে **Correct answer: A**

20. **Find the misspelt word**
A. asthma  B. cholera  C. dehydration
D. tiphoid  E. headache

**Explanation:** tiphoid এর সঠিক spelling- typhoid. সুতরাং **Correct answer: D**

**Read the following passage and answer questions 21-25:**

The Geographical Indication (GI) Law 2013, the first of its kind in Bangladesh, was enacted in parliament on Tuesday to protect the patent rights of traditional products. 'Historically, we produce some unique products naturally that others cannot. The government has passed the law in compliance with Article–22 of Trade Related Aspects of Intellectual Property Rights. GI is a name or sign used on certain products to certify that they possess certain qualities because they are made as per traditional methods or enjoy a certain reputation due to their geographical origin. The law will protect the country's claims to commodities such as hilsa fish, jamdani and nakshikantha and fruits, including pineapple and fazli, a variety of mango, said Mahboob Murshed, who is an advocate of the Supreme Court and a legal expert on GI law. This means that the producers of any particular goods in an area will get the absolute rights to their registered products, he went on to observe, and said that the law will ensure that customers get genuine products.

21. **Who is the authority to pass approve GI act in Bangladesh?**
A. The Supreme Court  B. The Prime Minister
C. The Parliament  D. The Ministry of Commerce
E. The President

**Explanation:** GI → Geographical Indication Act ... করেছে Parliament যেটি passage এর ১ম বাক্যে রয়েছে। **Correct answer: C**

22. **The phrase 'protect the patent rights of traditional products' can be explained by which of the following phrase?**
A. to ensure that patent rights of traditional products are safeguarded
B. to encourage others to supersize patent rights of traditional products
C. to effectively thwart others from securing patent rights of traditional products
D. to actualize patent rights of traditional products effectively
E. to realize patent rights of traditional products comprehensively

**Explanation:** বাক্যটির অর্থ হচ্ছে- traditional products ... প্রতিরোধের সরকারি সনদ রক্ষ করা অর্থাৎ patent rights এর ... বাস্তবায়িত (actualize) করা। সুতরাং **Correct answer: D**

Admission War
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**23. The government passed the GI law in compliance to certify that,**

A. The products are made according to some specific methods and their location.

B. The products are made according to some traditional methods or have an exclusive reputation and originated from a specific geographical location.

C. The products are made according to some random methods and originated from a specific geographical location.

D. The products are made in accordance with a very systematic process and originate from a historical location.

E. The products possess superior qualities or enjoy a certain reputation due to their cultural origin.

**Explanation:** **Correct answer: B** যেটি passage এর ২য় এবং শেষ বাক্য পড়লে বোঝা যায়।

**24. GI law will look out for the interest of**

A. The government B. the consumers C. The hoarders

D. The importers E.The registered producers

**Explanation:** Passage এর শেষ বাক্যটি পড়লে দেখা যায় যে,মূলত ভোক্তার interest সংরক্ষণ করার জন্যই এ আইনটি করা হয়েছে। সুতরাং **Correct answer: B**

**25. The GI law will protect our commodities so that other countries cannot:**

A. claim their rights to the products and also the customers will have access to genuine products

B. claim their access to the products and so that customers also can sell the products

C. deny their authority to the products and the customers will have access to a diversity of products

D. demand rights to the products and the customers will strive to buy genuine products

E. offer export privileges to the products and also give customers the authority to mass products the commodities

**Explanation:** **Correct answer: A** যেটি passage এর ২য় এবং শেষ বাক্য পড়লে বোঝা যায়।

## হিসাববিজ্ঞান

**০১. [illegible]টান কোম্পানির সমাপনী মজুদ পণ্য ৪,০০০ টাকা কম দেখানো হয়েছে। বর্তমান হিসাব বছরের বিক্রিত পণ্যের ব্যয় এবং নীট আয়ের উপর এই ভুলের প্রভাব হবে যথাক্রমে:**

ক. কম প্রদর্শিত হবে, বেশি প্রদর্শিত হবে খ. কম প্রদর্শিত হবে, কম প্রদর্শিত হবে

গ. বেশি প্রদর্শিত হবে, কম প্রদর্শিত হবে ঘ. বেশি প্রদর্শিত হবে, বেশি প্রদর্শিত হবে

ঙ. বেশি প্রদর্শিত হবে, শূন্য

উত্তর | গ | ব্যাখ্যা সমাপনী মজুদ পণ্য কম লেখা হলে বিক্রীত পণ্যের ব্যয় বেশি প্রদর্শিত হবে। আর বিক্রীত পণ্যের ব্যয় বেশি দেখানো হলো তার [illegible] নীট আয় কম দেখানো হবে। কারণ, সমাপনী মজুদ পণ্য বিক্রীত পণ্যের ব্যয়কে হ্রাস করে। আর বিক্রীত পণ্যের ব্যয় নীট আয়কে হ্রাস করে।

**০২. নিচের কোনটি বিলম্বিত মুনাফাজাতীয় খরচ?**

ক. অগ্রপ্রদত্ত ভাড়া খ. অবচয় গ. প্রারম্ভিক খরচ

ঘ. [illegible]পত্রের উপর বাট্টা ঙ. অবলোপন

উত্তর | ক | ব্যাখ্যা যে ধরণের মুনাফা জাতীয় ব্যয় একাধিক বছরের জন্য প্রদান করা হয় তাই বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়। যেমন-অগ্রীম প্রদত্ত খরচ বা ব্যয়, [illegible] বিজ্ঞাপন ব্যয় প্রভৃতি।

**০৩. নিচের কোন ঘটনাটি হিসাববিজ্ঞানে লিপিবদ্ধ হয় না?**

ক. ধারে যন্ত্রপাতি ক্রয় খ. একজন কর্মচারী চাকুরিচ্যুত হলে

গ. ব্যবসায় নগদ বিনিয়োগ ঘ. মালিক কর্তৃক ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন

ঙ. ধারে বিক্রয়

উত্তর | খ | ব্যাখ্যা যে সকল ঘটনার দ্বারা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার সাথে সম্পর্কিত বা আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় সেগুলোকে লেনদেন বলা হয়। আর লেনদেনগুলো হিসাববিজ্ঞানে লিপিবদ্ধ করা হয়। একজন কর্মচারীকে চাকুরিচ্যুত করা হলে সরাসরি কোন রূপ আর্থিক অবস্থার পরিবর্তন সাধিত হয় না। ফলে এ ঘটনাটি হিসাববিজ্ঞানে লিপিবদ্ধ করা হয় না।

**০৪. যদি প্রারম্ভিক মজুদ পণ্য ৬০,০০০ টাকা, ক্রয়কৃত পণ্যের মূল্য ৩,৮০,০০০ টাকা এবং সমাপনী মজুত ৫০,০০০ টাকা, সেক্ষেত্রে বিক্রিতপণ্যের ক্রয়মূল্য হল-**

ক. ৩৯০,০০০ টাকা খ. ৩৭০,০০০ টাকা গ. ৩৩০,০০০ টাকা

ঘ. ৪২০,০০০ টাকা ঙ. ৩৬০,০০০ টাকা

উত্তর | ক | ব্যাখ্যা প্রদত্ত তথ্যের ভিত্তিতে, বিক্রীত পণ্যের ব্যয় = প্রারম্ভিক মজুদ + ক্রয়কৃত পণ্যের মূল্য − সমাপনী মজুদ

= (৬০,০০০ + ৩,৮০,০০০ − ৫০,০০০) টাকা = ৩,৯০,০০০ টাকা।

**০৫. বকেয়া আয় হল-**

ক. অর্জিত হওয়ার পূর্বে দায় হিসাবে গ্রহণ করা এবং লিপিবদ্ধ করা হয়

খ. গ্রহণ করার পূর্বে দাম হিসাবে অর্জিত এবং লিপিবদ্ধ হয়

গ. অর্জিত হিসেবে দেখান হয়েছে এবং লিপিবদ্ধ হয়েছে যদিও এখনও গ্রহণ করা হয় নি

ঘ. অর্জিত হিসাবে দেখান হয় যা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং লিপিবদ্ধ করা হয়েছে

ঙ. খরচ হিসেবে লিপিবদ্ধ করা হয়েছে

উত্তর | গ | ব্যাখ্যা যে আয় অর্জিত হয়েছে এবং লিপিবদ্ধ হয়েছে কিন্তু এখন ও নগদ গ্রহণ করা হয়নি তাই বকেয়া আয়। বকেয়া আয় ব্যবসায়ের সম্পত্তি।

**০৬. ভাড়া হিসাবে ৫,০০০ টাকা ডেবিট জের ছিল। বছর শেষে দেখা যায় যে, এর মধ্যে ২,০০০ টাকা পরবর্তী বছরের সাথে সম্পৃক্ত। এক্ষেত্রে নিচের কোন সমন্বয় দাখিলা দিতে হবে?**

ক. ভাড়া হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

খ. নগদান হিসাব ডেবিট, ভাড়া হিসাব ক্রেডিট

গ. নগদান হিসাব ডেবিট, অগ্রিম ভাড়া হিসাব ক্রেডিট

ঘ. অগ্রিম ভাড়া হিসাব ডেবিট, ভাড়া হিসাব ক্রেডিট

ঙ. ভাড়া হিসাব ডেবিট, অগ্রিম ভাড়া হিসাব ক্রেডিট

উত্তর | ঘ | ব্যাখ্যা ভাড়া হিসাবে ৫,০০০ টাকা ডেবিট জের থাকা মানে বোঝায় উক্ত সময়ে ভাড়া খরচ হিসাবে ৫,০০০ টাকা লেখা হয়েছিল। কিন্তু ২,০০০ টাকা পরবর্তী বছরের হওয়ায় ৫,০০০ টাকাই সংশ্লিষ্ট হিসাবকালে খরচ হিসেবে গণ্য হবে না। এর থেকে ২,০০০ টাকা বাদ দিয়ে ৩,০০০ টাকা ভাড়া খরচ হিসেবে দেখাতে হবে। সুতরাং এখানে সমনয় জাবেদা হবে ভাড়া হিসাব ডেবিট এবং অগ্রিম ভাড়া হিসাব ক্রেডিট।

**০৭. নিচের কোন লেনদেন মালিকানা স্বত্বকে প্রভাবিত করবে না?**

ক. সম্পত্তির অবচয় খ. লভ্যাংশ প্রদান গ. বকেয়া খরচ প্রদান

ঘ. অগ্রিম আয় ঙ. অগ্রিম আয়কর সমন্বয় দাখিলা

উত্তর | গ | ব্যাখ্যা বকেয়া খরচ প্রদান করা হলে, নগদ টাকা (সম্পদ) [illegible] এবং বকেয়া খরচ নামক দায় হ্রাস পায়। অর্থাৎ বকেয়া খরচ প্রদান করায় মালিকানা স্বত্বে কোন প্রভাব পড়ে না।

**০৮. একটি পণ্য উৎপাদনকারি প্রতিষ্ঠান যন্ত্রপাতি ক্রয়-কে ক্রয় হিসাবে দেখিয়েছে। এই ভুল সংশোধনের জন্য কি জাবেদা হবে?**

ক. ক্রয় হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

খ. ক্রয় হিসাব ডেবিট, পাওনাদার ক্রেডিট

গ. যন্ত্রপাতি হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট

ঘ. ক্রয় হিসাব ডেবিট, যন্ত্রপাতি হিসাব ক্রেডিট

ঙ. যন্ত্রপাতি হিসাব ডেবিট, সাসপেন্স হিসাব ক্রেডিট

উত্তর | গ | ব্যাখ্যা এটি একটি নীতিগত ভুল। যন্ত্রপাতি ক্রয়ের সঠিক জাবেদা হলো-যন্ত্রপাতি হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট। কিন্তু ভুল করে জাবেদা প্রদান করা হয়েছে-ক্রয় হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট। অর্থাৎ নগদান হিসাবকে ঠিকই লেখা হয়েছে কিন্তু যন্ত্রপাতির পরিবর্তে ক্রয়কে ডেবিট করা হয়েছে। সুতরাং সংশোধনীতে ক্রয় হিসাবকে বাদ দিতে হবে, যার জন্য ক্রয় হিসাবকে ক্রেডিট করতে হবে। অন্য দিকে যন্ত্রপাতি হিসাব ডেবিট করা হতে বাদ পড়েছে বিধায় যন্ত্রপাতি হিসাব ডেবিট করতে হবে। অর্থাৎ সংশোধনী জাবেদা হবে- যন্ত্রপাতি হিসাব ডেবিট; ক্রয় হিসাব ক্রেডিট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Admissionwar

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৯. নিম্নের কোনটি উৎপাদন পণ্যের ব্যয় নয়?
ক. কারখানা সুপারভাইজার এর বেতন খ. বিজ্ঞাপন ব্যয়
গ. কারখানা যন্ত্রপাতির অবচয় ঘ. মজুরি ঙ. কাঁচামাল আমদানির শুল্ক

| উত্তর | খ | ব্যাখ্যা | পণ্য উৎপাদনের সাথে সরাসরি জড়িত ব্যয় সমূহ হলো উৎপাদন ব্যয়ের উপাদান। যেমন-প্রত্যক্ষ বা পরোক্ষ কাঁচামালের ব্যয়, পরিবহন খরচ, মজুরি প্রভৃতি। এখানে বিজ্ঞাপন ব্যয় পণ্য বণ্টন বা বিক্রয়ের জন্য প্রচার সংক্রান্ত খরচ। ইহা উৎপাদন ব্যয় নয়।

১০. বিক্রিত পণ্যের ক্রয় মূল্য ১৬,০০০ টাকা এবং বিক্রয় মূল্যের উপর ২০% হারে লাভ থাকলে পণ্যের বিক্রয় মূল্য কত?
ক. ২০,১৬০ টাকা খ. ১৩,৬০০ টাকা গ. ২১,০০০ টাকা
ঘ. ২১,১৬০ টাকা ঙ. ২০,০০০ টাকা

| উত্তর | ঙ | ব্যাখ্যা | বিক্রীত পণ্যের ব্যয় ও বিক্রয়মূল্যের মুনাফার হার দেয়া থাকলে বিক্রয়মূল্য নির্ণয়ের সহজ সূত্রটি হলো-

$$\text{বিক্রয়মূল্য} = \frac{\text{বিক্রীত পণ্যের ব্যয়}}{\text{১ − বিক্রয়মূল্যের উপর মুনাফার হার}} = \frac{\text{১৬,০০০}}{\text{১ − ০.২০}}$$
$$= \text{২০,০০০ টাকা।}$$

১১. রাজস্ব বলতে কি বুঝায়?
ক. নগদানের অন্তঃপ্রবাহ
খ. সম্পদের অন্তঃপ্রবাহ কিন্তু অপরিহার্য ভাবে নগদানে নহে
গ. সম্পদের অন্তঃপ্রবাহ
ঘ. সম্পদের অন্তঃপ্রবাহ, কিন্তু অপরিহার্য ভাবে নগদানে
ঙ. ক্রেতাগণকে পণ্য অথবা সেবা প্রদানের বিনিময়ে সম্পদের অন্তঃপ্রবাহ কিন্তু অপরিহার্য ভাবে নগদান নহে

| উত্তর | ঙ | ব্যাখ্যা | ব্যক্তি বা প্রতিষ্ঠান শ্রম সেবা বা কোন পণ্য প্রদানের বিনিময়ে যাহা উপার্জন করে তাই আয় বা রাজস্ব। ইহা সবসময় নগদে নাও পাওয়া যেতে পারে।

১২. একটা ব্যবসা প্রতিষ্ঠানের রেওয়ামিলে নিম্নোক্ত হিসাবগুলো অন্তর্ভুক্ত আছে- দেনাদার ২৫,০০০ টাকা, অগ্রিম প্রদান ১০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ৫,০০০ টাকা, পাওনাদার ৮,০০০ টাকা, স্থায়ী সম্পত্তি ২৫,০০০ টাকা, সমাপনি মজুদ ৮,০০০ টাকা। প্রতিষ্ঠানটির কার্যকরী মূলধন কত?
ক. ৪২,০০০ টাকা খ. ৪৫,০০০ টাকা গ. ৫০,০০০ টাকা
ঘ. ৩০,০০০ টাকা ঙ. ২৮,০০০ টাকা

| উত্তর | ঘ | ব্যাখ্যা | কার্যকরী মূলধন = চলতি সম্পত্তি − চলতি দায়
= (দেনাদার + অগ্রিম প্রদান + সমাপনী মজুদ) − (ব্যাংক জমাতিরিক্ত + পাওনাদার)
= (২৫,০০০ + ১০,০০০ + ৮,০০০) − (৫,০০০ + ৮,০০০)
= ৪৩,০০০ − ১৩,০০০ = ৩০,০০০ টাকা।

১৩. এনাম এর কাছে প্রদেয় টাকা হারুন এর হিসাবে ডেবিট করা হলে, এটা কি ধরনের ভুল হবে?
ক. বাদ পড়ার ভুল খ. খতিয়ানভুক্তির ভুল গ. পরিপূরক ভুল
ঘ. লেখার ভুল ঙ. নীতির ভুল

| উত্তর | খ | ব্যাখ্যা | একটি নির্দিষ্ট ডেবিট বা ক্রেডিট করার পরিবর্তে সমজাতীয় অপর একটি হিসাবকে ডেবিট বা ক্রেডিট করা হলে, যে ভুল সংঘটিত হয় তা বে-দাখিলার বা খতিয়ানভুক্তির ভুল।

১৪. নগদ প্রবাহ বিবরণী তৈরির প্রধান কারণ কোনটি?
ক. প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা জানার জন্য
খ. প্রতিষ্ঠানের লাভ-লোকসান জানার জন্য
গ. কোম্পানি আইনের সাথে ঐক্যমতের জন্য
ঘ. নগদের উৎস এবং ব্যবহার দেখানোর জন্য
ঙ. উদ্বর্তপত্রে নগদের পরিমাণ জানার জন্য

| উত্তর | ঘ | ব্যাখ্যা | নগদ প্রবাহ বিবরণী প্রস্তুতের প্রধান কারণ একটি নির্দিষ্ট হিসাবকালে মোট নগদ প্রাপ্তি ও মোট নগদ প্রদান চিহ্নিত করে নগদের উৎস ও এর ব্যবহার দেখানো।

১৫. নিচের কোন হিসাব সেট এর সাধারণত ক্রেডিট উদ্বর্ত থাকে-
ক. আয়, মূলধন, সম্পদ খ. দায়, মূলধন, ব্যয়
গ. আয়, দায়, মূলধন ঘ. সম্পদ, মালিকের উত্তোলন, খরচ
ঙ. বিক্রয়, মালিকের উত্তোলন, বাট্টা

| উত্তর | গ | ব্যাখ্যা | আয়, দায় ও মূলধন সম্পর্কিত হিসাব সমূহ সর্বদা স্বাভাবিক অবস্থায় ক্রেডিট উদ্বর্ত প্রকাশ করে।

১৬. যখন নীট ক্ষতি হয়, আয় বিবরণী-
ক. ডেবিট এবং মূলধন ক্রেডিট খ. ক্রেডিট এবং মূলধন ডেবিট
গ. ডেবিট এবং উত্তোলন ক্রেডিট ঘ. ক্রেডিট এবং অবণ্টিত আয় ডেবিট
ঙ. ক্রেডিট এবং উত্তোলন ক্রেডিট

| উত্তর | খ | ব্যাখ্যা | নীট ক্ষতি মূলধন হিসাবে স্থানান্তরের সময় আয়-বিবরণী ক্রেডিট ও মূলধন হিসাব ডেবিট করতে হয়। কারণ নীট ক্ষতি মূলধনকে হ্রাস করে।

১৭. নিচের কোনটি চলতি দায় নয়?
ক. প্রদেয় মজুরি খ. স্বল্পমেয়াদি ঋণ গ. প্রদেয় কর
ঘ. প্রদেয় বন্ড ঙ. বিবিধ পাওনাদার

| উত্তর | ঘ | ব্যাখ্যা | এখানে, প্রদেয় মজুরি, স্বল্পমেয়াদী ঋণ, প্রদেয় কর, বিবিধ পাওনাদার সবই চলতি দায়ের উদাহরণ। কিন্তু প্রদেয় বন্ড হলো দীর্ঘমেয়াদী দায়।

১৮. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের 'প্রক্রিয়াজাত মজুত' হিসাবের ডেবিটে লিখিত ব্যয় গুলি হল:
ক. ব্যবহৃত প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরি, ও উৎপাদন উপরি খরচ
খ. ব্যবহৃত প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরি, ও প্রত্যক্ষ খরচ
গ. তৈরি পণ্যের উৎপাদন ব্যয়
ঘ. কালীন ব্যয় ও উৎপাদন ব্যয়
ঙ. এই হিসাবে ডেবিটে লিখিত ব্যয় গুলি কোম্পানি কর্তৃক তৈরি পণ্যের বিশিষ্টতার উপর নির্ভর করে

| উত্তর | ক | ব্যাখ্যা | ব্যবহৃত প্রত্যক্ষ কাঁচামাল, প্রত্যক্ষ মজুরি, ও উৎপাদন উপরি খরচ উৎপাদনকারী প্রতিষ্ঠানের 'প্রক্রিয়াজাত মজুত' হিসাবের ডেবিটে লিখতে হয়।

১৯. নিচের কোনটি পরিশোধিত আয়ের অনুপাত-
ক. নগদ লভ্যাংশ/নীট মুনাফা খ. নীট মুনাফা/নীট বিক্রয়
গ. নীট বিক্রয়/গড় সম্পদ ঘ. মোট ঋণ/মোট সম্পদ
ঙ. নীট আয়/গড় সম্পদ

| উত্তর | ক | ব্যাখ্যা | পরিশোধিত আয়ের অনুপাত হলো $= \frac{\text{নগদ লভ্যাংশ}}{\text{নীট মুনাফা}}$

২০. নিচের কোন ধারণা বা নীতি বার্ষিক অবচয় ধার্যকে বর্ণনা করে-
ক. চলমান ধারণা নীতি খ. পূর্ণ প্রকাশ নীতি গ. মিলকরণ নীতি
ঘ. সামঞ্জস্যপূর্ণ নীতি ঙ. তুলনা যোগ্যতা নীতি

| উত্তর | ক | ব্যাখ্যা | হিসাববিজ্ঞানের চলমান ধারণা বা নীতি অনুসারে সম্পত্তির উপর বার্ষিক অবচয় হিসাবভুক্ত করা হয়।

২১. একটি মজুদ পণ্যের ক্রয় মূল্য ১,২৫০ টাকা ও বাজার মূল্য ১,০০০ টাকা যা বছর শেষে মজুদ পণ্যে গণনা থেকে বাদ পড়ে গেছে। এই মজুদ পণ্য সঠিকভাবে হিসাবভুক্ত হলে ঐ ব্যবসার মুনাফায় কি ধরনের প্রভাব পড়বে?
ক. মুনাফা ১,২৫০ টাকা বাড়বে খ. মুনাফা ১,০০০ টাকা বাড়বে
গ. মুনাফা ২৫০ টাকা বাড়বে ঘ. মুনাফা ১,০০০ টাকা কমবে
ঙ. মুনাফা ১,২৫০ টাকা কমবে

| উত্তর | খ | ব্যাখ্যা | সমাপনী মজুদ পণ্যের ক্ষেত্রে ক্রয়মূল্য ও বাজারমূল্যের মধ্যে যেটি কম সেটি হিসাবভুক্ত করা হয়। সমাপনী মজুদ পণ্য সঠিকভাবে হিসাবভুক্ত হলে মুনাফা ১,০০০ টাকা বৃদ্ধি পাবে। কারণ, সমাপনী মজুদ পণ্য হিসাবভুক্ত করা হলে বিক্রীত পণ্যের ব্যয় হ্রাস পায়। আর বিক্রীত পণ্যের ব্যয় কম হলে মুনাফা বেশি দেখাবে।

২২. ক্রয়মূল্য নীতি অনুযায়ী নিচের কোনটি সঠিক?
ক. সম্পত্তি প্রাথমিক ভাবে ক্রয় মূল্যে লিপিবদ্ধ করা হয় এবং বাজার মূল্য পরিবর্তিত হলে সমন্বয় করতে হয়
খ. ব্যবসায় প্রতিষ্ঠানের কার্যাবলী মালিক থেকে আলাদা রাখতে হবে
গ. সম্পত্তি সমূহ ক্রয়মূল্যে লিপিবদ্ধ করতে হবে
ঘ. সকল প্রকারের লেনদেন টাকায় প্রকাশ করতে হবে
ঙ. সম্পদসমূহ বাজারমূল্যে লিপিবদ্ধ করতে হবে

| উত্তর | গ | ব্যাখ্যা | হিসাববিজ্ঞানের ক্রয়মূল্য নীতি অনুসারে সকল প্রকার সম্পত্তি ক্রয়মূল্যে লিপিবদ্ধ করা হয়। বাজার মূল্য বিবেচিত হয় না।

২৩. মোট সম্পত্তি হ্রাস এর কারণ-
ক. স্টক লভ্যাংশ খ. স্টক বিভাজন গ. নগদ লভ্যাংশ
ঘ. সম্পত্তি ক্রয় ঙ. বিক্রয় ফেরত

| উত্তর | গ | ব্যাখ্যা | নগদ লভ্যাংশ প্রদান করলে নগদ অর্থ সম্পদ এবং ঘোষণাকৃত লভ্যাংশ নামক দায় হ্রাস পায়।

Admission War
তোমার প্রেরণা তুমি নিজেই

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২৪. যদি অনুপার্জিত আয়ের সমন্বয় দাখিলা না দেওয়া হয়, তবে ——
ক. সম্পত্তি বেশি দেখান হবে খ. দায় বেশি দেখান হবে
গ. আয় বেশি দেখান হবে ঘ. ব্যয় বেশি দেখান হবে
ঙ. মূলধন বেশি দেখান হবে

উত্তর | খ | ব্যাখ্যা: অনুপার্জিত আয় এক প্রকার দায়। যদি এর সমন্বয় করা না হয় তবে দায় বেশি দেখানো হবে। অগ্রিম অনার্জিত অনুপার্জিত একই কথা

২৫. মূলধন জাতীয় ব্যয় কোথায় দেখানো হয়?
ক. ক্রয়-বিক্রয় হিসাব খ. লাভ-লোকসান হিসাব
গ. উদ্বর্তপত্রের দায় পার্শ্বে ঘ. উদ্বর্তপত্রের সম্পত্তি পার্শ্বে
ঙ. ক এবং খ উভয়ই

উত্তর | ঘ | ব্যাখ্যা: মূলধন জাতীয় ব্যয়ের ফলে সম্পত্তি অর্জিত হয়। আর সম্পত্তি উদ্বর্তপত্রে দেখানো হয়। অর্থাৎ মূলধন জাতীয় ব্যয় উদ্বর্তপত্রের সম্পত্তি পাশে দেখানো হয়।

## ব্যবসায় নীতি ও প্রয়োগ

পাঁচ বৎসরের অধিক সময় ব্যবহারযোগ্য পরিকল্পনা সমূহকে বলে:
ক. স্বল্পমেয়াদী পরিকল্পনা খ. দীর্ঘ মেয়াদী পরিকল্পনা
গ. একবার ব্যবহারযোগ্য পরিকল্পনা ঘ. দুইবার ব্যবহারযোগ্য পরিকল্পনা
ঙ. পঞ্চবার্ষিক পরিকল্পনা

উত্তর | খ | ব্যাখ্যা: এক বছরের কম সময়ের জন্য স্বল্পমেয়াদী, (১-৫) বছরের জন্য হল মধ্যমেয়াদী এবং ৫ বছরের অধিক সময়ের জন্য হল দীর্ঘমেয়াদী পরিকল্পনা।

ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণের সর্বশেষ ধাপ কোনটি?
ক. মান নির্ধারণ খ. সম্পাদিত কার্য মূল্যায়ন
গ. সম্পাদিত কার্য তুলনাকরণ ঘ. সংশোধনীমূলক ব্যবস্থা গ্রহণ
ঙ. শাস্তি প্রদান

উত্তর | ঘ | ব্যাখ্যা: নিয়ন্ত্রণের ধাপ যথাক্রমে-আদর্শমান নির্ধারণ → কার্যফল পরিমাপ → আদর্শমানের সাথে অর্জিত মানের তুলনা → বিচ্যুতি নির্ণয় → সংশোধনী ব্যবস্থা।

বর্তমান সরকার বিগত চার বছরের সময়কালে বিদ্যুৎ উৎপাদন মেগাওয়াট উন্নীত করার জন্য কত ইউনিট বিদ্যুৎ উৎপাদন করতে হয়েছে?
ক. 6,000 মেগাওয়াট খ. 7,000 মেগাওয়াট গ. 8,250 মেগাওয়াট
ঘ. 8,500 মেগাওয়াট ঙ. 7,500 মেগাওয়াট
উত্তর | ঙ

নিচের কোনটি বৈজ্ঞানিক ব্যবস্থাপনার উপাদান নয়?
ক. প্রমিতকরণ খ. মিতব্যয় গ. নিয়ন্ত্রণ
ঘ. আর্থিক প্রণোদনা ঙ. কার্য বিশ্লেষণ
উত্তর | গ

নিচের কোনটি একক ব্যবহারের পরিকল্পনা?
ক. নীত খ. পদ্ধতি গ. আইন/নিয়ম
ঘ. কর্মসূচী ঙ. রণকৌশল

উত্তর | ঘ | ব্যাখ্যা: একার্থ পরিকল্পনা বুঝার সহজ সূত্র হচ্ছে-বিশেষকে পৃথকভাবে প্রকল্পের আওতায় এনে প্রধান কর্মসূচীতে বাস্তবায়ন করতে হবে।

একটি পণ্যের একক প্রতি ব্যয় কখন হ্রাস পায়?
ক. পণ্য উন্নয়ন স্তরে খ. সূচনা স্তরে গ. প্রবৃদ্ধি স্তরে
ঘ. পূর্ণতা স্তরে ঙ. পতন স্তরে

উত্তর | গ | ব্যাখ্যা: প্রবৃদ্ধি স্তরে বিক্রয়ের পরিমাণ বাড়তে থাকে। স্বাভাবিক ভাবেই বিক্রয়ের পরিমাণ বাড়লে ব্যয়ের পরিমাণ কমতে থাকে।

নিচের কোনটি হেনরি ফেওল কর্তৃক প্রদত্ত ব্যবস্থাপনার মূলনীতি নয়?
ক. কার্য বিভাজন খ. আদেশের ঐক্য গ. নিয়ন্ত্রণ
ঘ. কেন্দ্রীকরণ ও বিকেন্দ্রীকরণ ঙ. শৃঙ্খলা

উত্তর | গ | ব্যাখ্যা: নিয়ন্ত্রণ ব্যতীত আর সবগুলো হেনরি ফেওলের মূলনীতি।

একটি ব্যবসা প্রতিষ্ঠানের সংগঠিত ও পরিচালনা করার জন্য প্রয়োজনীয় ঝুঁকি গ্রহণ করেন কে?
ক. ব্যবস্থাপক খ. ঋণ গ্রহীত গ. উদ্যোক্তা
ঘ. ব্যাংকার ঙ. দালাল

উত্তর | গ | ব্যাখ্যা: যিনি ব্যবসায় প্রতিষ্ঠান গঠনের উদ্যোগ গ্রহণ করেন তাকে উদ্যোক্তা বলা হয়। সাধারণত ব্যবসায়ের উদ্যোক্তা ব্যবসার গঠন, পরিচালনা সংক্রান্ত ঝুঁকি বহন করেন।

০৯. সমবায় সমিতির একজন সদস্যের শেয়ার কেনার সর্বোচ্চ সীমা হল:
ক. ৬,০০০ টাকা খ. মোট মূলধনের ১৫% গ. মোট মূলধনের ২৫%
ঘ. মোট মূলধনের ২০% ঙ. সীমা নাই

উত্তর | ঘ | ব্যাখ্যা: সমবায় সমিতির একজন সদস্য মোট মূলধনের $\frac{১}{৫}$ অংশ অথবা শতকরা ২০ ভাগ অথবা ৫০০০ টাকার শেয়ার ক্রয় করতে পারবেন।

১০. অনবরত বিশ্ব অর্থনৈতিক মন্দার মাঝেও নিচের জি.ডি.পি-এর কোন গড় হার বাংলাদেশ বিগত চার বছরে ধারাবাহিক ভাবে অর্জনে সক্ষম হয়েছে?
ক. 5% খ. 5.5% গ. 6%
ঘ. 6.5% ঙ. 7%

উত্তর | গ | ব্যাখ্যা: বিশ্ব অর্থনৈতিক মন্দা সত্ত্বেও বিগত চার বছরে বাংলাদেশের রপ্তানি ও রেমিট্যান্স প্রবাহের উচ্চ প্রবৃদ্ধির কারণে মন্দা বাংলাদেশকে প্রভাবিত করতে পারেনি।

১১. নিচের কোনটি জাহাজি দলিল নয়?
ক. বহনপত্র বা চালানি রসিদ খ. চালান গ. বিনিময় বিল
ঘ. পণ্য উৎপত্তিপত্র ঙ. ফরমায়েশ পত্র

উত্তর | ঙ | ব্যাখ্যা: জাহাজে পণ্য বোঝাইয়ের আগে পণ্যের পূর্ণ বিবরণ এবং
নৌবীমাপত্র চালান
পণ্যের উৎপত্তি জেনে বাণিজ্যিক দূতের কাছে টাকা পরিশোধ করে
প্রত্যয়লেখ বাণিজ্যিক দূতের চালান বিনিময় বিল
পরে পণ্য বোঝাই করতে হবে।
বহনপত্র/চালানী রশিদ/বিল অব লেডিং

১২. প্রাইভেট লিমিটেড কোম্পানি কোন উৎস হতে তহবিল সংগ্রহ করতে পারে না?
ক. শেয়ার বিক্রয় খ. ঋণপত্র গ. বাণিজ্যিক ব্যাংক
ঘ. সদস্য ঙ. রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক

উত্তর | খ | ব্যাখ্যা: ঋণপত্র ইস্যু, বিধিবদ্ধ আহবান, বিবরণ পত্র ইস্যু ইত্যাদি কাজ প্রাইভেট লিমিটেড কোম্পানি করতে পারে না।

১৩. পৌর এলাকায় একমালিকানা ব্যবসা পরিচালনা করতে কোন দলিলটি সংগ্রহ করতে হয়?
ক. আয়কর সনদপত্র খ. স্মারক লিপি গ. ট্রেড লাইসেন্স
ঘ. পরিমেল নিয়মাবলী ঙ. মিউনিসিপ্যাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট

উত্তর | গ | ব্যাখ্যা: ট্রেড লাইসেন্স ব্যতীত পৌর এলাকায় একমালিকানা ব্যবসায় পরিচালনা করা যায় না।

১৪. নিচের কোন ব্যাংক বাংলাদেশে সর্বপ্রথম *'Q-cash'* চালু করে?
ক. সোনালী ব্যাংক লিঃ খ. অগ্রণী ব্যাংক লিঃ গ. জনতা ব্যাংক লিঃ
ঘ. প্রাইম ব্যাংক লিঃ ঙ. এইচ.এস.বি.সি লিঃ

উত্তর | গ | ব্যাখ্যা: জনতা ব্যাংক সর্বপ্রথম Q-cash পদ্ধতি চালু করে, এরই ধারাবাহিকতায়, UCB-U-cash, ব্রাক ব্যাংক বিকাশ, ইসলামী ব্যাংক M-cash চালু করে। তবে মনে রাখা জরুরী Q-cash হল একটি ATM Card.

১৫. নিচের কোনটি বিনিময় হার উঠা-নামার কারণ নয়?
ক. ব্যাংকিং নীতি খ. সরকারী নীতি গ. মূলধনের প্রবাহ
ঘ. ব্যবসায়িক অবস্থার পরিবর্তন ঙ. প্রাকৃতিক দুর্যোগ

উত্তর | ঙ | ব্যাখ্যা: প্রাকৃতিক দুর্যোগ ব্যতীত অন্য সবগুলোই হল বিনিময় হার হ্রাস বৃদ্ধির কারণ।

১৬. নিচের কোনটি চেকের সাথে জড়িত পক্ষ নয়?
ক. আদেষ্টা খ. আদিষ্ট গ. প্রাপক
ঘ. অনুমোদন বলে প্রাপক ঙ. পাওনাদার

উত্তর | ঙ | ব্যাখ্যা: চেকের মুল পক্ষ তিনটি। আদেষ্টা, আদিষ্ট, প্রাপক। এছাড়াও রয়েছে অনুমোদন বলে প্রাপক, অনুমোদনকারী ধারক।

১৭. SWIFT কী?
ক. একটি ব্যাংক সমিতি খ. একটি পরিশোধ পদ্ধতি
গ. ক্রেডিট রেটিং পদ্ধতি ঘ. একটি ব্যাংকিং সিস্টেম
ঙ. ব্যাংক দুর্দশা পূর্বাভাস নিরূপণ পদ্ধতি

উত্তর | খ | ব্যাখ্যা: SWIFT = Society for world wide Inter Bank Financial Telecommunication. যা আন্তর্জাতিক বাণিজ্যে লেনদেন পরিশোধ পদ্ধতি হিসেবে ব্যবহৃত হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS